



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট
১২৫/এ, দারুস সালাম, এ ডব্লিউ চৌধুরী রোড, ঢাকা-১২১৬
website: www.nimc.gov.bd



সংখ্যা : ১৫.৫৫.০০০০.০০২.২৫.০৭৯.১৮. ৫৭

২৭ মাঘ ১৪২৪
৩০ জানুয়ারি ২০১৮

প্রশিক্ষণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

বেতার ও টেলিভিশন অনুষ্ঠান উপস্থাপনা

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটে আগামী ০৪ মার্চ ২০১৮ থেকে ২৯ মার্চ ২০১৮ খ্রি. পর্যন্ত ৪ (চার) সপ্তাহব্যাপী বেতার ও টেলিভিশন অনুষ্ঠান উপস্থাপনা শীর্ষক প্রশিক্ষণ পাঠ্যধারা অনুষ্ঠিত হবে। প্রশিক্ষণ কর্মসূচিতে অংশগ্রহণের জন্য আগ্রহী প্রার্থীদের কাছ থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে। প্রার্থীদের অবশ্যই স্নাতক পাশ হতে হবে। জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট থেকে ৳ ২০০/- (টাকা দুইশত) মাত্র নির্ধারিত ফি দিয়ে আবেদনপত্র সংগ্রহ করতে হবে।

আগামী ০৪ ফেব্রুয়ারি ২০১৮ থেকে প্রতিদিন অফিস চলাকালীন আবেদনপত্র সংগ্রহ করা যাবে। আবেদনপত্রের সাথে আবেদনকারীর সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি সত্যায়িত রঙিন ছবি, স্নাতক পাশের সার্টিফিকেটের সত্যায়িত কপি এবং প্রথম শ্রেণির সরকারি কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র পেশ করতে হবে। ইনস্টিটিউটের ওয়েব সাইট : www.nimc.gov.bd তে সরাসরি আবেদন করা যাবে।

আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখ ২২ ফেব্রুয়ারি ২০১৮ খ্রি। সাক্ষাৎকার গ্রহণের মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। বাছাই পরীক্ষা আগামী ২৬ ফেব্রুয়ারি ২০১৮ খ্রি. তারিখ সকাল ১১:০০ টায় অনুষ্ঠিত হবে। এজন্য পৃথক কোন পত্র দেয়া হবে না। বাছাই পরীক্ষার পর নির্বাচিত প্রশিক্ষণার্থীদের নামের তালিকা ২৬ ফেব্রুয়ারি, ২০১৮ খ্রি. তারিখ ইনস্টিটিউটের ওয়েবসাইট ও নোটিস বোর্ডে দেয়া হবে।

মনোনীত প্রার্থীদের কোর্স ফি বাবদ ৳ ৪,০০০/= (টাকা চার হাজার) মাত্র আগামী ২৮ ফেব্রুয়ারি ২০১৮ -এর মধ্যে “মহাপরিচালক, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট”- এর অনুকূলে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট-এর মাধ্যমে জমা দিতে হবে।

প্রার্থী নির্বাচনে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৩০.০১.২০১৮

মো. আবুজার গাফফারী
উপ-পরিচালক (বেতার অনু. প্রশি.)

ও

পাঠ্যধারা পরিচালক

দুরালাপনী : ৫৫০৭৯৪৫৩

ওয়েব সাইটে দেওয়ার জন্য অনুরোধ করা হলো।

৩০/১/২০১৮